বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ওয়েলফেয়ার বিভাগ
www.bgfcl.gov.bd

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.০৪২.১০.০০০১.২৬.৭৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

**বিজ্ঞপ্তি**

বিষয়: **২০২৬-২০২৭ অর্থবছরে মোটর সাইকেল ক্রয় ঋণ প্রদান।**

কোম্পানির "মোটর-সাইকেল ক্রয় ঋণ নীতিমালা"-এর আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত শর্তে মোটর সাইকেল ক্রয় ঋণ সুবিধা গ্রহণে আগ্রহী কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছেঃ

০১। ২০২৬-২০২৭ অর্থবছরের অনুমোদিত বাজেট বরাদ্দের আওতায় চাকরিতে যোগদানের তারিখের জ্যেষ্ঠতা অনুসারে অনুর্ধ্ব ৫৬ (ছাপ্পান্ন) বছর বয়সের কর্মকর্তা/কর্মচারীগণকে এই ঋণ প্রদান করা হবে। তবে, ঋণ প্রদানের ক্ষেত্রে প্রথমবার আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। দৈনিক/এডহক ভিত্তিতে নিয়োজিত/প্রেষণে কর্মরত/খন্ডকালীন চুক্তিতে আবদ্ধ/উপদেষ্টা হিসেবে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী (যদি থাকে) এই ঋণ পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

০২। ১৫০ সিসি মোটর সাইকেলের বাজারমূল্যের সমপরিমাণ অর্থ সর্বোচ্চ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মোটর সাইকেল ক্রয় ঋণ/অগ্রিম হিসেবে প্রদান করা হবে। কারো নামে বকেয়া বাই-সাইকেল ক্রয় ঋণ থাকলে সে ক্ষেত্রে মোটর-সাইকেল ক্রয় ঋণের আবেদন বিবেচনা করা হবে না।

০৩। আবেদন গ্রহণের শেষ তারিখে কোম্পানিতে নিরবচ্ছিন্নভাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর চাকরিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এই ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

০৪। কেউ সার্বক্ষণিক সময়ের জন্য কোম্পানি প্রদত্ত যানবাহন সুবিধার অধিকারী থাকলে অথবা কোম্পানি হতে মোটর গাড়ি ক্রয় ঋণ গ্রহণ করে থাকলে তিনি মোটর-সাইকেল ক্রয় ঋণ সুবিধা প্রাপ্য হবেন না।

০৫। যে সকল কর্মকর্তা ও কর্মচারী গত অর্থ বছরে মোটর-সাইকেল ক্রয় ঋণের জন্য আবেদন করেছেন কিন্তু ঋণ প্রাপ্ত হননি তাঁদেরকেও অত্র বিজ্ঞপ্তির বিপরীতে নির্ধারিত ফরমে নতুনভাবে আবেদন করতে হবে। এছাড়াও যেসব কর্মকর্তা/কর্মচারীগণের পূর্বের গৃহীত মোটর সাইকেল ক্রয় ঋণ সম্পূর্ণ আদায়/পরিশোধ হয়েছে তাঁরাও দ্বিতীয়বার এ ঋণ সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

০৬। আবেদনকারীকে নিজ ব্যয়ে মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স সংগ্রহ করতে হবে এবং এই ড্রাইভিং লাইসেন্স-এর সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স বিবেচনাযোগ্য হবে না।

০৭। কোন কর্মকর্তা ও কর্মচারী একই অর্থবছরে একাধিক ঋণ/ অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন না। একাধিক আবেদন করলে সকল আবেদনই বাতিল বলে গণ্য হবে।

০৮। আবেদনকারী কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক ইতিপূর্বে গৃহীত মোট ঋণ (গৃহ নির্মাণ ঋণ/জমি ক্রয় ঋণ/ফ্ল্যাট ক্রয় ঋণ/কম্পিউটার

ক্রয় ঋণ/প্রভিডেন্ট ফান্ড ঋণ/কো-অপারেটিভ সোসাইটি ঋণ/ওয়ার্কারস্ প্রফিট পার্টিসিপেশন এন্ড ওয়েলফেয়ার ফান্ড ঋণ ইত্যাদি) এবং বর্তমানে আবেদনকৃত ঋণসহ (যদি প্রদান করা হয়) সর্বমোট মাসিক কর্তনযোগ্য ঋণের কিস্তির টাকার পরিমাণ যদি আবেদনপত্র গ্রহণের শেষ তারিখে আবেদনকারীর মাসিক মোট বেতনের ৪০% এর উর্ধ্বে হয়, তবে তাঁর আবেদন বিবেচনাযোগ্য হবে না।

০৯। ঋণ গ্রহীতা কোম্পানির চাকরি হতে ইস্তফা দিলে বা কোম্পানি কর্তৃক চাকরিচ্যুত হলে সমূদয় ঋণের টাকার অনাদায়ী অংশ এককালীন ফেরত দিতে হবে। অন্যথায় ভবিষ্য তহবিল (প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ফান্ড এবং অবসর ভাতা ও সাধারণ ভবিষ্য তহবিল) সহ লেন-দেনের চূড়ান্ত নিষ্পত্তির (ফাইনাল সেটেলমেন্ট) সময় তা ঋণ গ্রহীতার পাওনা হতে কর্তন করা হবে।

১০। কোম্পানির নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ৩১-০৭-২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

১১। মোটর-সাইকেল ক্রয় ঋণ মঞ্জুরীর প্রতিটি ক্ষেত্রে কোম্পানির অনুমোদিত নীতিমালা অনুসরণ করা হবে। কোম্পানি কর্তৃপক্ষ যে কোন সময় মোটর-সাইকেল ক্রয় ঋণ নীতিমালায় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা স্থগিত ঘোষণা করতে পারবে।

১২। আবেদনকারীগণের মধ্যে কোম্পানির চাকরিতে স্ব-স্ব যোগদানের তারিখের জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং ২০২৬-২০২৭ অর্থবছরের অনুমোদিত বাজেট বরাদ্দের মধ্যে ঋণ মঞ্জুরী সীমাবদ্ধ থাকবে। কোম্পানি কর্তৃক গঠিত এ সংক্রান্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ঋণ মঞ্জুর করা হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**সংযুক্তিঃ**
(১) মোটর সাইকেল ক্রয় ঋণের আবেদন ফরম

সংযুক্তি: **১** প্রস্থ সংযুক্ত।

০১-০৭-২০২৬
দীল আফরোজা
উপমহাব্যবস্থাপক (ওয়েলফেয়ার)

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**
১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), বিজিএফসিএল।
২। মহাব্যবস্থাপক(সকল), বিজিএফসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ ফিল্ড ইনচার্জ-অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৪। ব্যবস্থাপক(সকল), বিজিএফসিএল।
৫। সকল উপব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক/সহকারী কর্মকর্তা, বিজিএফসিএল।।